

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০৩.২০২১- ৪৭৪

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৮
০৯ জুন, ২০২১

প্রজ্ঞাপন


যেহেতু, সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার ০৬নং খাসপুকুরিয়া ইউনিয়ন পরিষদের ৫, ৬ ও ৯নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য মোছা: জহরা বেগম এর বিরুদ্ধে ডিজিডি'র ৪৭ বস্তা চাল আত্মসাতপূর্বক অবৈধভাবে মজুদ রাখার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর প্রস্তাব মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১১/০১/২০২১ তারিখে ২৭ নং স্মারকে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সাথে কেন তাকে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ বিভাগের প্রেরণের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার ০৬নং খাসপুকুরিয়া ইউনিয়ন পরিষদের ৫, ৬ ও ৯নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য মোছা: জহরা বেগম কে কারণ দর্শানোর প্রেক্ষিতে প্রদত্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জেলা প্রশাসক, সিরাজগঞ্জ বর্ণিত ইউনিয়ন পরিষদের সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারা মোতাবেক তার বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

সেহেতু সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার ০৬নং খাসপুকুরিয়া ইউনিয়ন পরিষদের ৫, ৬ ও ৯নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য মোছা: জহরা বেগম কে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধ করায় একই আইনের ৩৪ (৫) ধারা মোতাবেক তাকে স্থায়ী পদ হতে অপসারণ করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব

৯৫৮৬৬০৫


Email:lgup@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০৩.২০২১- ৪৭৪

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৮
০৯ জুন, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। জনাব মোছা: জহরা বেগম, ৫, ৬ ও ৯নং ওয়ার্ডের সদস্য (অপসারণকৃত), ০৬নং খাসপুকুরিয়া ইউনিয়ন পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ।
- ০৮। অফিস কপি।



(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব